গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
গাইবান্ধা।
gaibandha@cs.dghs.gov.bd

স্মারক নং -সিএস/গাঃ/প্রশাঃ/১১-২০গ্রেড জনবল নিঃ /২০২৪/,..........১৮৪৮..................তারিখঃ-.০৯../..০৯./২০২৪খ্রিঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং -স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় ৪র্থ শ্রেনী নিয়োগ-০১/২০১৮-(অংশ-২)/২০২২/৬৭৭৩, তারিখঃ- ০৮-১২-২০২২খ্রিঃএবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৫.০০.০০০০.১৪০.১১.০২১.২৩.২১০, তারিখঃ- ২৪/০১/২০২৪খ্রিঃ মোতাবেক সিভিল সার্জন, গাইবান্ধা ও তাঁর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতের গ্রেড ভিত্তিক শুন্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের জন্য গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তে অনলাইনে (online)(http//alljobs.teletalk.com.bd/csgai বা http//csgai.teletalk.com.bd দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহন করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৪(চার) | গ্রেডঃ-১৪<br>স্কেলঃ১০২০০-২৪৬৮০/ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান,গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ০২ | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১(এক) | গ্রেডঃ-১৫<br>স্কেলঃ৯৭০০-২৩৪৯০/- | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৩ | স্টোর কিপার | ০৫(পাঁচ) | গ্রেডঃ -১৬,<br>স্কেলঃ ৯৩০০-২২৪৯০/ | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ০৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২(দুই) | গ্রেডঃ -১৬,<br>স্কেলঃ ৯৩০০-২২৪৯০/ | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্টি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি বাংলা প্রতিমিনিটে ২০ শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ২০ শব্দ। |
| ০৫ | স্বাস্থ্য সহকারী | ৮৭ (সাতাশি) | গ্রেডঃ-১৬<br>স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | ড্রাইভার | ০১(এক) | গ্রেডঃ -১৬,<br>স্কেলঃ ৯৩০০-২২৪৯০/ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জেএসসি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃক ইস্যূকৃত হালকা/ভারী হালনাগাদ বৈধ লাইসেন্সসহ যানবাহন চালনোর ০২(দুই)বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হইবে। |
| ০৭ | ল্যাবঃ এটেনডেন্ট | ০১(এক) | গ্রেডঃ-১৯<br>স্কেলঃ৮৫০০-২০৫৭০/- | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলীঃ-

১. প্রাথীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। সিভিল সার্জন,গাইবান্ধা বরাবর আবেদন করতে হবে। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন,একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলিয়া গণ্য হবে।

২. আগ্রহী পদে প্রার্থী (http//csgai.teletalk.com.bd-এ ওয়েবসাইটে online-এ আবেদন করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফর্ম পূরণ করতে হবে।

৩. নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ আইন, নীতি ও বিধিবিধান প্রতিপালিত হইবে।

৪. আবেদনকারীর বয়স ১৫/০৯/২০২৪ইং তারিখে সর্বনিম্ম ১৮(আঠার)এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ)বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থী/ প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর ।বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৫. উক্ত নিয়োগের জন্য প্রার্থীকে নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রয়োজন বোধে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৬. স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকার কার্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-১/২০১৮/২৬৫৪,তারিখঃ-১১/৬/২০১৮খ্রি মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উল্লিখিত পদে যারা আবেদন করিয়াছেন,তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৭. প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণীত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে,এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮. সরকারের পুর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৯. প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতা মুলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১০. কোটা বিষয়ে বিদ্যমান নীতিমালা প্রযোজ্য হইবে।

১১. বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিতও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধান মন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।এরুপ সনদ -পত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না।উল্লেখ্য যে,আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/ প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

১২. প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সম মর্যাদা সম্পন্ন /দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১৩. প্রার্থী ক্ষুদ্র-নৃ- গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১৪. আবেদনের সময়সীমা নিম্নরুপ ঃ-

(১) online -এ আবেদন ফর্ম পূরন ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৫/০৯/২০২৪ইং,সকাল ০৯.০০টা হতে

(২) online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ১৪/১০/২০২৪ইং বিকাল ৫.০০টা পর্যন্ত।

(৩) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর )ঘন্টার মধ্যে SMS -এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৫. online আবেদন পত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০)pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB এর মধ্যে হতে হবে। online -এ আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু online -এ আবেদনপত্র Submit -করার পূর্বে পূরণ কৃত সকল তথ্যে সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ও প্রার্থী online -এ পূরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

১৬. online -এ আবেদন পত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে,সেহেতু online -এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যে সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৭. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ online আবেদন পত্র (Application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং(Signature upload) করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User IDছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's copy পাবেন।

উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গীন প্রিন্ট করে সংরক্ষণ করবেন Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ০১নং হতে ০৬নং পর্যন্ত পরীক্ষার ফি বাবদ- ২০০/-(দুইশত)টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ- ২৩/-(তেইশ) টাকা সহ মোট =২২৩/ টাকা এবং ক্রমিক নং ০৭ এর জন্য পরীক্ষা ফি বাবদ - ১০০/টাকা Teletalk এর সার্ভিস চার্জ -১২(বার)/টাকা(অফেরৎযোগ্য ) মোট = ১১২(একশত বার) /টাকা Teletalk pre-paid নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর )ঘন্টার মধ্যে জমা দিবে। বিশেষভাবে উল্লেখ্য যে online এ আবেদন পত্রের সকল অংশ পুরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম:SMS:: CSGAI<space>User ID Send 16222

Example: CSGAI ABCDEF$ Send to 16222

Reply: Applicants Name,Tk.223/112 Will be charged as applicatlion fee.Your PIN is 12345678.To pay fee Type CSGAI <space> Yes <space> PIN and send to 16222

দ্বিতীয়ঃ SMS:: CSGAI<space> Yes <space> PIN Send 16222

Example: CSGAI YES 12345678এবং ১৬২২২নম্বরে Send করতে হবে।

Reply:Congratulation Applicants Name, payment completed successfully for CS GAI Application for (post name)User ID is (ABCDEF) and Password(xxxxxxxx)

১৮. শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্লেবর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(১) User ID জানা থাকলে।

CSGAI<space>Help <space>User<space>User ID &Send to 16222

Example: CSGAI Help User ABCDEF

(2) PIN Number

CSGAI <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222

Example: CSGAI Help PIN 12345678

১৯. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি ওয়েবসাইটে (http.//cs.gaibandha.gov.bd)এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online- আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিক ভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

২০. SMS-এ প্রেরিত User IDএবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর,পদের নাম,ছবি,পরীক্ষার তারিখ,সময়,স্থান/ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময় এবং উর্ত্তীণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

২১. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েবসাইট (http.//cs.gaibandha.gov.bd)এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (http.//dghsr.teletalk.com.bd) ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ,সময় ও অন্যান্য তথ্য ( http.//dghsr.teletalk.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

২২. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১অথবা (alljob.query @teletalk.com.bd বা (http.//cs.gaibandha.gov.bd) ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ (http.//www.facebook .com/alljobsbdTeletak এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। ( Mail /মেসেজ এর Subject-Organization Name: CS GAI,Post Name:*** Applicants User ID Contact Number) অবশ্যই উল্লেখ করতে হবে।

২৩. ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে,প্রাথী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৪. অনলাইন-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়ে নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন /প্রত্যায়ন সরকারী প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের কপি।

(গ) চাকুরীর আবেদন ফর্মে উল্লিখিত স্থায়ী ঠিকানা,নিজ জেলা,ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ঠ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তা সনদপত্রের মূল /সত্যায়িত কপি।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান,সন্তানের কোটা আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সর্ম্পক বিষয়ে মেয়র/ওয়ার্ড /কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান এর সনদ পত্র সংযুক্ত করতে হবে।

(চ) উপজাতী ও অন্যান্য কোটা ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যু কৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সত্যায়িত ফটোকপি।

২৬. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের(পুরাতন ওয়ার্ড) শুন্য পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের(পুরাতন ওয়ার্ড) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের বাসিন্দাগন আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না।

২৭. স্বাস্থ্য সহকারীর শুন্য পদের তালিকা(ওয়ার্ড,ইউনিয়ন,উপজেলা ভিত্তিতে)সিভিল সার্জন অফিস এর ওয়েবপোটাল ও নোটিশ বোর্ড এবং উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা (সকল) এর কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

২৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন,সংশোধনও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯. প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

৩০. নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID)বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবেও স্থায়ী বাসিন্দার সনদপত্র দাখিল করিতে হইবে।

৩১. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা(Permanet Address ) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত পরিবর্তিত ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত ঠিকানার পক্ষে জাতীয় পরিচয় পত্র(NID) বা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

০৭/০৩/২৪

(ডাঃ কানিজ সাবিহা)
সিভিল সার্জন,গাইবান্ধা।
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়ও৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়,গাইবান্ধা।